



তারিখ: ৪.০৬.২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক রচনার উদ্যোগ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক রচনা প্রকল্পের আওতায় অদ্য ৪ঠা জুন ২০১৮ 'ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট' বিষয়ে ২টি বইয়ের পাণ্ডুলিপি যথা *Fundamentals of Tourism and Hospitality Management* এবং *Tourism and Hospitality Marketing* জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর অফিস কক্ষে এর লেখকদের কর্তৃক আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। প্রথমটি রচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর ড. সৈয়দ রাশিদুল হাসান এবং দ্বিতীয়টির লেখকবৃন্দ হলেন প্রফেসর ড. সৈয়দ রাশিদুল হাসান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. মো: আনোয়ার হোসেন ভূঞা এবং মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের প্রভাষক আয়শা সিদ্দিকা। শীঘ্রই পাণ্ডুলিপি দুইটি বই আকারে ছাপিয়ে সংশ্লিষ্ট বিষয়ের কলেজ শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে সরবরাহের ব্যবস্থা করা হবে।



(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
জাতীয় বিশ্ববিদ্যালয়